কক্সবাজার সদর উপজেলা পরিষদ
কক্সবাজার

# উপজেলা পরিষদের ৪১তম মাসিক সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | ঃ কায়সারুল হক জুয়েল<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কক্সবাজার সদর, কক্সবাজার |
| সভার স্থান | ঃ উপজেলা পরিষদের সম্মেলন কক্ষ |
| সভার তারিখ ও সময় | ঃ ১৬ জানুয়ারী ২০২৪, সকাল-১১.৩০ টা |
| সভার উপস্থিতি | ঃ পরিশিষ্ট-"ক"তে সন্নিবেশিত। |

উপজেলা নির্বাহী অফিসার সভার শুরুতে আজকের সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে উপজেলা পরিষদের চেয়ারম্যানকে সভার সভাপতিত্ব করার জন্য অনুরোধ করেন। সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং এজেন্ডা অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন। অতঃপর সভায় বিগত সভার কার্যবিবরণী উপস্থাপন করা হয় এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে নিশ্চিতকরণ করা হয়। পরবর্তীতে সভাপতি বিভাগওয়ারী স্ব-স্ব কর্মকর্তাগণকে তাঁদের দপ্তরের কর্মকান্ড সম্পর্কে সভায় অবহিত করার জন্য অনুরোধ জানান। সভায় নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| **আইসিটি অধিদপ্তর , সদর, কক্সবাজার ঃ** সহকারী প্রোগামার সভায় জানানা যে, ওয়েবপোর্টাল বিষয়ক স্ব স্ব দপ্তর প্রধান এবং সকল ইউপি চেয়ারম্যান ওয়েবপোর্টাল হালনাগাদ করবেন। প্রয়োজনে সহকারী প্রোগ্রাম এর সহযোগিতা নিয়ে ওয়েবপোর্টাল আপডেট করা নির্দেশনা দেওয়া হয়।<br>২। শেখ রাশেল ডিজিটাল ল্যাবঃ- ল্যাব পরিদর্শন অব্যাহত আছে। ইউডিসি প্রকল্পের আওতায় আরও তিনটি ল্যাবের সুপারিশ করা হয়।<br>৩। হারপাওয়ার প্রকল্প ঃ হারপাওয়ার প্রকল্পের আওতায় ৫টি ব্যাচে ১০৫ জন প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ চলমান। ২৪/১২/২০২৩ ইং তারিখ প্রশিণার্থীর মধ্যে ল্যাপ্টপ বিতরণ করা হয়।<br>৪। আইসিটি অধিদপ্তর কর্তৃক গ্রাফিক্স ডিজাইনের ফ্রিলান্সিং প্রশিক্ষণের জন্য আবেদন শুরু হয়েছে। ২৮/০১/২০২৪ ইং তারিখ পর্যন্ত আবেদন করা যাবে। এ ব্যাপারে উপজেলা চেয়ারম্যান মহোদয়কে অবহিত করা হয়।<br>৫। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | উপজেলা পরিষদের আওতাধীন সকল দপ্তর ও ইউনিয়ন পরিষদের ওয়েব পোর্টাল হাল নাগাদ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রোগ্রামার ও উপজেলা কর্মকর্তা (সকল)<br>ইউপি চেয়ারম্যান (সকল)<br>সদর, কক্সবাজার। |
| **ইউনিয়ন পরিষদের মাসিক সভা সংক্রান্ত ঃ**<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, প্রত্যেক ইউনিয়ন পরিষদে প্রতিমাসে মাসিক উন্নয়ন সমন্বয় সভা করে সভার কার্যবিবরণী মাসের প্রথম সপ্তাহে এ কার্যালয়ে প্রেরণের জন্য সরকারিভাবে নির্দেশনা রয়েছে কিন্তু ইউনিয়ন পরিষদ থেকে তা যথাসময়ে প্রেরণ করা হয় না, যা অনভিপ্রেত। প্রতি মাসে আবশ্যিকভাবে মাসিক উন্নয়ন সমন্বয় সভা করে সভার কার্যবিবরণী এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করার জন্য সভায় আলোচনা হয়। | ইউনিয়ন পরিষদে প্রতি মাসে মাসিক উন্নয়ন সমন্বয় সভা করে সভার কার্যবিবরণী নির্ধারিত তারিখে এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করণের বিষয়ে ইউপি চেয়ারম্যান ও ইউপি সচিবগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | ইউপি চেয়ারম্যান (সকল)<br>সদর, কক্সবাজার<br>সচিব<br>ইউপি (সকল)<br>সদর, কক্সবাজার। |

| | | |
|---|---|---|
| উপজেলা প্রাণিসম্পদ অফিসঃ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা সভায় জানান যে,<br>১। (ক) গবাদি পশুর টিকা প্রদান করা হয়- ১৬৫০ টি, হাঁস-মুরগির টিকা প্রদান করা হয় ২৭০০০ টি ।<br>২। কৃত্রিমপ্রজনন কার্যক্রমের আওতায় উপজেলায় ২২৯ টি গাভীকে কৃত্রিম প্রজনন করা হয়েছে। পূর্বে প্রজননকৃত গাভীর মধ্য হতে আলোচ্য মাসে ১০৭ টি শংকর জাতের বাচ্চা জন্ম হয়েছে।<br>৩। অত্র দপ্তর কর্তৃক ১৫৪০ টি গবাদিপশু, ২৩ টি পোষা প্রাণি ও ৮৫০০ টি হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান করা হয়েছে।<br>৪। (ক) ডিম উৎপাদন ০.৬৬১৫কোটি। (খ) দুধ উৎপাদন ০.০১৩৪৯লক্ষ মেঃ টন। (গ) মাংস উৎপাদন ০.০১৫১৩লক্ষ মেঃ টন।<br><br>জানামতে বর্তমানে কক্সবাজার সদর উপজেলায় কোন প্রকার সংক্রামক রোগের প্রাদূর্ভাব নাই। | কার্যক্রম জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা,সদর, কক্সবাজার |
| উপজেলা কৃষি অফিস ঃ উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে,<br>১. প্রণোদনা কর্মসূচীর আওতায় ১৬০০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে হাইব্রিড ধানবীজ ও ১২০০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বোরো উফশী ধানবীজ ও সার বিনামূল্যে বিতরন করা হয়েছে।<br>২. রবি মৌসুম যেহেতু সেচনির্ভর সেহেতু জরুরী ভিত্তিতে রাবারড্যাম চালুকরনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা প্রয়োজন।<br>৩. ডিলারদের নিকট পর্যাপ্ত সার মজুদ আছে। সারের কোন সংকট নাই। নিয়মিত পরিদর্শন করে বিক্রির অনুমতি দেওয়া হচ্ছে।<br>৪. শাক সবজি উৎপাদন বৃদ্ধির জন্য প্রণোদনা কর্মসূচির আওতায় ৪৮০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষককে শীতকালীন শাকসবজির বীজ বিনামূল্যে বিতরণ করা হয়েছে।<br>৫. বোরো ধানের আবাদের লক্ষ্য মাত্রা ৩৬৮০ হেক্টর অর্জনের লক্ষ্যে ২৫০ হেক্টর আদর্শ বীজতলা নিশ্চিত করা হয়েছে।<br>৬. কীটনাশকের পরিবর্তে জৈব বালাইনাশক ব্যবহার জোরদার করার ব্যাপারে কৃষকদেরকে উৎসাহিতকরা হয়েছে।<br>৭. উপজেলার নতুন ফসল হিসাবে সরিষা, পিয়াঁজ, গম ও ভুট্টার আবাদ সম্প্রসারণের কার্যক্রম গ্রহন করা হয়েছে। | চলমান কার্যক্রম অব্যহত থাকবে | উপজেলা কৃষি অফিসার সদর, কক্সবাজার |
| উপজেলা পরিবার পরিকল্পনা অফিসঃ উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, অত্র উপজেলায় মোট সক্ষম দম্পতি সংখ্যা ৮৭,৪২৮ জন, মোট পদ্ধতি গ্রহণকারী ৬৯,০৫৫ জন এবং গ্রহণকারীর হার ৭৮.৯৮% । খাবার বড়ি গ্রহণকারীর সংখ্যা (নতুন ) ৫৪৫ জন কনডম গ্রহণকারীর সংখ্য (নতুন)-১৫৬ জন ইনজেকটেবলস গ্রহণকারীর সংখ্যা (নতুন)- ২৯৭ জন আইইউডি গ্রহণকারীর সংখ্যা (নতুন) ১০৩ জন ইম্প্ল্যানন গ্রহণকারীর সংখ্যা (নতুন) ১৯২ জন, স্থায়ী পদ্ধতী গ্রহণকারীর সংখ্যা (নতুন) ৩৭ জন । মাঠ পর্যায়ে ১৬টি স্যাটেলাইট ক্লিনিক অনুষ্ঠিত হয় এবং পরিবার পরিকল্পনা, মা-শিশু স্বাস্থ্য ও প্রজনন স্বাস্থ্য সেবা দেওয়া হয়। ০৬টি UH&FWC-তে সাভাবিক প্রসব সেবা প্রদানের সংখ্যা ১৫৫টি। | কার্যক্রম জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা,সদর, কক্সবাজার |
| সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়ঃ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, কক্সবাজার সদর, কক্সবাজার জানান যে, মৎস্য অধিদপ্তরের প্রতি বছরের ধারাবাহিক কার্যক্রমের আওতায় বিগত ১ নভেম্বর থেকে আগামী ৩০শে জুন ২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত জাটকা সংরক্ষণ কার্যক্রমের আওতায় সমুদ্রে ব্যবহৃত নিষিদ্ধ জাল সমূহ অপসারণের নিমিত্ত নিয়মিত অভিযান কার্যক্রম অব্যাহত আছে। অত্র উপজেলাধীন ১০টি জেলে গ্রাম সংগঠনে মাছের আহরণোত্তর পরিচর্যা ও সংরক্ষণ বিষয়ক প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন হয়েছে। এছাড়াও নিয়মিত মাঠ পরিদর্শন ও পরামর্শ সেবা সহ দপ্তরের অন্যান্য স্বাভাবিক কার্যক্রম অব্যাহত আছে। | উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তার গৃহিত পদক্ষেপে সন্তোষ প্রকাশ করা হয় এবং কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সদর, কক্সবাজার |

**উপজেলা সমবায় অফিস ঃ উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে,**

০১। আশ্রয়ন প্রকল্প ফেইজ-১, বড়ছড়া আশ্রয়ন প্রকল্পে আবাস হতে প্রাপ্ত বরাদ্দ-৮,০০,০০০/- টাকা। বর্তমান মাস পর্যন্ত ক্রমপুঞ্জিভুত দাদনের পরিমান ১৬,০৮,০০০/- টাকা এবং আদায়ের পরিমান ১০৮১৬৮৩/- টাকা, বকেয়া ঋণের পরিমান-৫,২৬,৩১৭/- টাকা।

০২। আশ্রয়ন প্রকল্প ফেইজ-২, খুরুশকুল আবাসন প্রকল্পে আবাসন হতে প্রাপ্ত বরাদ্দ ৭,০০,০০০/- টাকা। বর্তমান মাস পর্যন্ত ক্রমপুঞ্জিভুত দাদনের পরিমান ১১,৭৭,০০০/- টাকা এবং আদায়ের পরিমান ৬,৫৮,৭৬১/- টাকা, খেলাপী ঋণের পরিমান-৫,১৮,২৪৯/- টাকা।

কক্সবাজার সদর উপজেলায় কোন নিবন্ধিত সমবায় সমিতি জনগণকে অতি লোভের প্রলোভন দেখিয়ে অনিয়মতান্ত্রিকভাবে আর্থিক লেনদেন করে থাকলে সাথে সাথে সমবায় বিভাগকে অবহিত করতে অনুরোধ করা হলো।

চলমান কার্যক্রম আরো জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়।

উপজেলা সমবায় কর্মকর্তা
সদর, কক্সবাজার

**উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তরঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে,** যুব উন্নয়ন অধিদপ্তর, সদর, কক্সবাজার কার্যালয়ে শুরু থেকে ৮০৪ জন যুবক ও যুব মহিলাকে ৩,০৯,৬৩,০০০/- টাকা যুব ঋণ দেওয়া হয়েছে। আর ক্রম পুঞ্জিত আদায় হয়েছে ২,৫০,৭৬,৭৪৭/- টাকা। ঋণ আদায়ের হার ৯৭%। চলতি মাসসহ ক্রম পুঞ্জিত প্রশিক্ষনকারীর সংখ্যা ৬৩৯১ জন। এই পর্যন্ত অত্র দপ্তরের নিবন্ধিত যুব সংগঠনের সংখ্যা ২৫টি। এর মধ্যে ১৫টি যুব সংগঠনযুব ও ক্রীড়া মন্ত্রনালয় থেকে অনুদান পেয়েছে। অত্র দপ্তরের অন্যান্য সকল কাজ স্বাভাবিক নিয়মে চলছে।

চলমান কার্যক্রম আরো জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়।

উপজেলা যুব উন্নয়ন অফিসার
সদর,কক্সবাজার

**উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (বিআরডিবি)ঃ** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, বিআরডিবি ঃ- বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের অধীনে কক্সবাজার সদর উপজেলায় নিম্নবর্নিত কর্মসূচি সমূহ চালূ আছে। উক্ত কর্মসূচি সমূহের ডিসেম্বর /২০২৩ মাসের ঋণ বিতরন ও আদায়ের হিসাব নিম্নে পেশ করা হলোঃ- (হিসাব লক্ষ টাকায়)

| ক্রঃ নংঃ | নাম | মাসের বিতরণ | বছরের বিতরণ | মাসের আদায় | বছরের আদায় | ক্রমপুঞ্জি আদায় | খেলাপী ঋণ |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | আবর্তক (কৃষি) ঋণ কর্মসূচী | --- | --- | .২৫ | .৮০ | ৬২.৬৮ | ২০.৫১ |
| ০২ | মহিলাউন্নয়নকর্মসূচী | --- | --- | ৩.৩৫ | ৮.৬০ | ১৩৩০.৪৪ | ৮.৪৭ |
| ০৩ | সমন্বিত দারিদ্র বিমোচনকর্মসূচী | --- | --- | --- | --- | ৫৫.১৩ | ২৫.৩৬ |
| ০৪ | পল্লীপ্রগতি | --- | --- | --- | .৪০ | ১৮.৩৬ | ৯.৪৫ |
| ০৫ | বীর মুক্তিযোদ্ধা কর্মসূচী | --- | --- | --- | --- | ১.৭৯ | ৩.০২ |
| ০৬ | কোভিড-১৯ ঋণ কার্যক্রম | --- | --- | .৩০ | ২.১০ | ৩.৩০ | ০ |
| | মোট | --- | --- | ৩.৯০ | ১১.৯০ | ১৪৭১.৭০ | ৫৭.৩৬ |

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার তার প্রতিষ্ঠানের খেলাপী ঋণ ৫৭.৩৬(লক্ষ) টাকা আদায়ের জন্য উপজেলা প্রশাসনের মাধ্যমে কক্সবাজার সদর থানার সহায়তা কামনা করেন।

চলমান কার্যক্রম আরো জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়।

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (বিআরডিবি), কক্সবাজার,সদর, কক্সবাজার।

**উপজেলা পল্লী জীবিকায়ন কর্মসূচি (পজিপ)ঃ** উপজেলা প্রকল্প কর্মকর্তা, (পজীপ) সভায় জানান যে,

১। সাংগঠনিককার্যক্রমঃ

| ক্রঃ নং | কর্মসূচি/প্রকল্প | সমিতিগঠন | | | সদস্য ভর্তি | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | লক্ষ্যমাত্রা | অর্জন | ক্রমপুঞ্জিত | লক্ষ্যমাত্রা | অর্জন | ক্রমপুঞ্জিত |
| ০১ | পজীক | ১২০ | ১০৬ | ১০৬ | -- | -- | ৩৫৩৩ |
| ০২ | পজীপ | ২৭ | ১ | ১৮ | ৮৪০ | ২৯ | ৪৯১ |

চলমান কার্যক্রমকে আরও জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়।

উপজেলা পল্লী জীবিকায়ন প্রকল্প কর্মকর্তা (পজীপ), কক্সবাজার,সদর, কক্সবাজার।

২। পুঁজিগঠন (লক্ষটাকায়)ঃ

| ক্রঃ নং | কর্মসূচি/ প্রকল্প | শেয়ার | | | সঞ্চয় | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | লক্ষ্যমাত্রা | অর্জন | ক্রমপুঞ্জিত | লক্ষ্যমাত্রা | অর্জন | ক্রমপুঞ্জিত |
| ০১ | পল্লীক | ০.২৮ | -- | ৫.৩২ | ১.৪৩ | -- | ২৫.৬৬ |
| ০২ | পল্লীপ | -- | -- | -- | ২২.৫০ | ৩.৫৪ | ১৬.৬৮ |

৩। ঋণ বিতরণ ও আদায় (লক্ষটাকায়)ঃ

| ক্রঃ নং | কর্মসূচি /প্রকল্প | বছরেবিতরণ | | | বছরেআদায় | | | ক্রম পুঞ্জিত আদায়ের হার |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | লক্ষ্যমাত্রা | অর্জন | ক্রমপুঞ্জিত | লক্ষ্যমাত্রা | অর্জন | ক্রমপুঞ্জিত | |
| ০১ | পল্লীক | ৫০.০০ | -- | ১২০১.৮৮ | ১০২.১৯ | ৩.৮২ | ১১০৩.৪৮ | ৯২% |
| ০২ | পল্লীপ | ১৮০.০০ | ৩৮.৯৫ | ১৭৫.৪৫ | ৪৬.৮৪ | ২৬.৬৮ | ৬২.৬৬ | ৬৯% |

এছাড়া অত্র দপ্তরের প্রশিক্ষণ কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে ।

| | | |
|---|---|---|
| **পল্লী সঞ্চয় ব্যাংকঃ** শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কক্সবাজার সদর শাখার ডিসেম্বর /২০২৩ পর্যন্ত অগ্রগতি নিম্নে ছক আকারে উপস্থাপন করেন। | চলমান কার্যক্রমকে আরও জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কক্সবাজার সদর, কক্সবাজার |

| উপজেলার নাম | উঠান বৈঠক | সমিতিগঠন | সদস্য ভর্তি | সঞ্চয়আদায় | বোনাসপ্রদান | ঘুর্ণায়মান ঋণ তহবিল | সর্বমোটতহবিল |
|---|---|---|---|---|---|---|---|
| কক্সবাজার সদর | ১৮১ | ২৯০ | ১৩,২৫৬ | ৫,১৭,১১,৮০১/= | ২,৭৫,৬২,৮৫৭/= | ৯,৪০,৪৫,০০০/= | ১৭,৩৩,১৯,৬৫৮/= |

| মোট ঋণ বিতরণ | ঋণ গ্রহনকারীসদস্য সংখ্যা | | | আদায় যোগ্য ঋণেরপরিমাণ | মোট ঋণ আদায় | আদায়ের হার (%) | মোট খেলাপী |
|---|---|---|---|---|---|---|---|
| | পুরুষ | মহিলা | মোট | | | | |
| ৩৩,৪৩,২৯,৫০০/= | ২,২৮৪ | ৩,৪২৭ | ৫,৭১১ | ১৪,৭৪,১০,৪০৫/= | ৩৬,৭৫,০৬,৫৬১/= | ৮১% | ৩,৪২,৭৪,১২১/= |

| | | | |
|---|---|---|---|
| | **উপজেলা পরিসংখ্যান অফিসঃ** উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় জানান যে, এ SVRS এর কার্যক্রম চলমান। অর্থনৈতিক শুমারী ২০২৩ প্রকল্পের জন্য প্রকল্পে নির্দেশক্রমে ডাটাবেজ হতে তালিকাকারী/ সুপারভাইজার নির্বাচন ও অর্থনৈতিক শুমারী জোন গঠন করা হয়। এছাড়া নিয়মিত কার্যক্রম চলমান। | চলমান কার্যক্রম তৃরান্বিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সদর, কক্সবাজার |
| ০১ | **উপজেলা উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)**<br><br>উপজেলা উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য সভায় জানান যে, সমগ্র দেশের গ্রামীণ পানি সরবরাহ প্রকল্প (২০২৩-২০২৪) ইং অর্থ বৎসর ১৩০ টি নলকুপের বরাদ্দ পাওয়া যায়। | উপজেলা ওয়াটসান কমিটি কর্তৃক বন্টনের সিদ্ধান্ত গৃহীত হয়। উপজেলা/ ইউনিয়ন চেয়ারম্যান মহোদয় গণকে দ্রুত সাইটলিস্ট প্রেরণের জন্য অনুরোধ করা হইল। | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর সদর উপজেলা, কক্সবাজার। |
| ০২ | সমগ্র দেশের গ্রামীণ পানি সরবরাহ প্রকল্প (২০২২-২০২৩) ইং অর্থ বৎসর ১৩০টি নলকূপের বরাদ্দ পাওয়া যায়। বিভিন্ন ইউনিয়ন ওয়ারী ৪০টি নলকূপের বোরিং কাজ শেষ হয়েছে, বাকী কাজ চলমান আছে। | উপজেলা ওয়াটসান কমিটি কর্তৃক দ্রুতগতিতে কাজ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর সদর উপজেলা, কক্সবাজার। |
| ০৩ | সমগ্র দেশের গ্রামীণ পানি সরবরাহ প্রকল্প (২০২১-২০২২) ইং অর্থ বৎসর ০৯টি ''কমিউনিটি নেটওয়ার্ক মধ্যমে পানি সরবরাহ'বরাদ্দ পাওয়া যায়। | উপজেলা ওয়াটসান কমিটি কর্তৃক দ্রুতগতিতে কাজ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর সদরউপজেলা, কক্সবাজার। |

| | | | |
|---|---|---|---|
| ০৪ | সদর উপজেলায় বিভিন্ন ইউনিয়নে ও গ্রোথ সেন্টার গুলো তেমিনি পাইপ লাইনের মধ্যমে সুপেয় পানি সরবরাহ লক্ষে ইউনিয়ন চেয়ারম্যানদের দৃষ্টি আকর্ষণ করা হয়। উল্লেখ্য জরুরী ভিত্তিতে রোহিঙ্গা সংকট মোকাবিলায় মাল্টি সেক্টর প্রকল্প হতে গ্রামীন পাইপ ডওয়াটার সাপ্লাই স্কীম, মিনি পাইপ লাইনের মাধ্যমে পানি সরবরাহের জন্য উক্ত প্রকল্পের পরিচালক মহোদয় পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তর কে অবহিত করেছে। **প্রোডাকশন টিউবওয়েল** ঃ-ঈদগাঁও, ইসলামাবাদ, খুরুশকুল, পোকখালী এবং ভারুয়াখালী ইউনিয়নে প্রোডাকশন টিউবওয়েলের লোয়ারিং কাজ সম্পন্ন হয়েছে,<br>১) ইসলামাবাদ ইউনিয়নে মিনি পাইপ লাইনেরকাজ শেষ হয়েছে।<br>২) পোকখালী ইউনিয়নে মিনিপাইপ লাইনের কাজ শেষ হয়েছে।<br>৩) খুরুশকুল ইউনিয়নে মিনি পাইপ লাইনের কাজ চলমান আছে।<br>৪) ভারুয়াখালী ইউনিয়নে মিনি পাইপ লাইনের কাজ শেষ হয়েছে।<br>৫) চৌফলদন্ডী ইউনিয়নে মিনি পাইপলাইনের কাজ চলমান আছে। | ০৬টি ইউনিয়নে (ঈদগাঁও, ইসলামাবাদ, পোকখালী, চৌফলদন্ডী, ভারুয়াখালী এবং খুরুশকুল) মিনি পাইপ লাইন স্কীম কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। । | সদর, কক্সবাজার। উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর সদর উপজেলা, কক্সবাজার।<br><br>০৬টি ইউপি চেয়ারম্যানগণ (ঈদগাঁও, ইসলামাবাদ, পোকখালী, চৌফলদন্ডী, ভারুয়াখালী এবং খুরুশকুল) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। |
| ০৫ | ক) জরুরী ভিত্তিতে রোহিঙ্গা সংকট মোকাবিলায় মাল্টি-সেক্টর প্রকল্প (EMCRP) আওতায় (২০২১-২০২২)খ্রিঃ অর্থ বৎসরের কক্সবাজার সদর উপজেলায় ০৯টি ইউনিয়নে কমিউনিটি টিউবওয়েল ৩৫০টি লোয়া রিং কাজ সম্পন্ন হয়েছে বাকি কাজ চলমান আছে।<br>খ)জরুরী ভিত্তিতে রোহিঙ্গা সংকট মোকাবিলায় মাল্টি-সেক্টর প্রকল্প (EMCRP) আওতায় (২০২১-২০২২) খ্রিঃ অর্থ বৎসরের কক্সবাজার সদর উপজেলায় ইউনিয়ন পর্যায়ে ১৫০০টি ''কমিউনিটি টয়লেট''হ্যান্ডওভার হয়েছে। বাকি''কমিউনিটি টয়লেট''কাজ চলমান আছে। | উপজেলা ওয়াটসান কমিটি কর্তৃক কাজ বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর সদর উপজেলা, কক্সবাজার। |
| ০৬ | ক) জরুরী ভিত্তিতে রোহিঙ্গা সংকট মোকাবিলায় মাল্টি-সেক্টর প্রকল্প (EMCRP) আওতায় (২০২৩-২০২৪)খ্রিঃ অর্থ বৎসরে উপজেলা ওয়াটসান কমিটির সভাপতি ও সহ-সভাপতির নিদের্শনার আলোকে কক্সবাজার সদর উপজেলায় ০২টি ইউনিয়নে (খুরুশকুল টাইমবাজার ও ভারুয়াখালী বাজারে) ''পাবলিক টয়লেট''স্থাপনের কাজ চলমান আছে।আরো কয়েকটি জনবহল ও জনগুরুত্বপূর্ণ স্থানে পাবলিক টয়লেট স্থাপনের উদ্যোগের জন্য ব্যবস্থা নেয়া হচ্ছে। | উপজেলা ওয়াটসান কমিটি কর্তৃক দ্রুতগতিতে কাজ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর সদর উপজেলা, কক্সবাজার। |
| **উপজেলা খাদ্য নিয়ন্ত্রক,কক্সবাজার সদর,কক্সবাজারঃ** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, কক্সবাজার পৌরসভায় ওমএস খাতে দৈনিক ১০জন ডিলারের মাধ্যমে ০২ (দুই) মেট্রিক টন চাউল ও আটা মোট ২০ টন চাউল ও আটা বিক্রি চলমান রয়েছে। আমন সংগ্রহ ২০২৩ - ২০২৪ ধানের লক্ষ মাত্র ১৫৬ মেঃটন এবং চাউলের লক্ষ্য মাত্রা ৭৭১ মেঃটন কৃষকদের নিকট হতে এ্যাপ্সের মাধ্যমে ধান সংগ্রহ ২৮/০২/২০২৪ তারিখ পর্যন্ত চলমান রয়েছে। সদর খাদ্য গুদামের ৩১ডিসেম্বর ২০২৩ এর মজুদ চাউল ১১১১ মেঃটন এবং গম ৯১৯ মেঃটন। অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক আছে। | | | ১। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক,কক্সবাজার সদর,কক্সবাজার। |
| **উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসঃ**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কক্সবাজার সদর, কক্সবাজার সভায় জানান যে, অত্র দপ্তরের টিআর, কাবিখা-কাবিটা, এইচবিবি, সেতু/কালভার্ট নির্মাণ প্রকল্পের কাজ চলমান রয়েছে। উপজেলা নির্বাহী অফিসার, কক্সবাজার সদর, ইজিপিপি+ কর্মসূচির আওতায় ননওয়েজকষ্ট খাতে বরাদ্দকৃত সম্পূর্ণ অর্থ দ্বারা মুজিববর্ষে নির্মানাধীন গৃহের স্থায়ীত্ব এবং সৌন্দর্য্য বৃদ্ধির লক্ষ্যে গাইডওয়াল, টুওয়াল, ড্রেইন নির্মাণের অনুরোধ করেন। | | চলমান কার্যক্রম অবহত রাখার সিদ্ধান্ত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,সদর,কক্সবাজার |
| **উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসঃ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে,<br>১। অত্র উপজেলায় এপ্রিল/২০২৩ ইং মাসের ইপিআই কার্যক্রমের মাধ্যমে ৪৮৬৩ জন শিশুকে ও ২১৭১জন মহিলাকে টিকা প্রদান করা হয়। কমিউনিটি ক্লিনিক সমূহ ও ঈদগাঁও ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্রে শিশু গর্ভবতী ও সাধারণ রোগীদের সেবা প্রদান করা হয়। ঈদগাঁও ইউনিয়ন | | | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সদর, কক্সবাজার |

| | | |
|---|---|---|
| উপ-স্বাস্থ্য কেন্দ্রে এপ্রিল মাসে ৩১টি ডেলিভারী সম্পন্ন হয়েছে।<br>২। ১৬/০৩/২০২৩ ইং তারিখ পর্যন্ত ৫ -- ১১ বছর বয়সী শিক্ষার্থীসহ ৪,৬৯,৬০০ জনকে ১ম ডোজ (মোট জনসংখ্যার ৮৩%), ৪,৫৫,৪৪৬ জনকে ২য় ডোজ ( মোট জনসংখ্যার ৮০%) এবং ১,৫২,৮৯৬ জনকে ৩য় ডোজ (মোট জনসংখ্যার ৩৩%) টিকা প্রদান করা হয়। ২০/১২/২০২২ ইং থেকে ৩০/০৮/২০২৩ ইং তারিখ পর্যন্ত মোট ১৬,৯২৩ জন ৪র্থ ডোজ টিকা গ্রহণ করেছে।<br>বিবিধ ঃ- ১২/১২/২০২৩ ইং এ ভিটামিন এপাস ক্যাম্পেইন 'এ' অত্র কার্যালয়ে ৬--১১ মাস বয়সী ৬,০৭৯৭ জন শিশুকে ভিটামিন 'এ' নীল ক্যাপ্সুল ( ১ লক্ষ আই ইউ) এবং ১২-৫৯ মাস বয়সী ৪৯৩১২ জন শিশুকে ভিটামিন এ লাল ক্যাপ্সুল ( ২ লক্ষ আই ইউ) খাওয়ানো হয়। | | |
| **উপজেলা সমাজসেবাঃ**<br>বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | চলমান কার্যক্রম অবহত রাখার সিদ্ধান্ত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা,সদর,কক্সবাজার |
| **উপজেলা শিক্ষা অফিসঃ** উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, ২০২৪ সনের বিনা মুল্য পাঠ্য পস্তক বিতরণ বই উৎসবের মাধ্যমে সমপন্ন করা হয়েছে। বেসরকারী প্রাথমিক বিদ্যালয় নিবন্ধন বিধিমালা ২০২৩ অনুসারে বিভিন্ন পর্যায়ের বেসরকারী স্কুল নিবন্ধন কার্যক্রম চলমান রয়েছে। বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিক। | চলমান কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত হয়। | উপজেলা শিক্ষা অফিসার সদর, কক্সবাজার |
| **উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসঃ**<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, অত্র উপজেলায় বিগত ০১/০১/২০২৪ খ্রিঃ সকল প্রতিষ্ঠানে স্ব স্ব উদ্দ্যেগে সরকারী সরবরাহকৃত বিনা মুল্যে বই বিতরণ সম্পূর্ণ করেছে। সরকারী পরিপত্র মোতাবেক আগামী ১৭/০১/২০২৪ খ্রিঃ হতে ২১/০১/২০২৪ খ্রিঃ অত্র উপজেলায় শীতকালীন ক্রীড়া প্রতিযোগিত ২০২৪ কক্সবাজার স্টেডিয়াম ও ২টি জোন এর মাধ্যমে অনুষ্ঠিত হবে। আগামী ১৫/০২/২০২৪ খ্রিঃ হতে এসএসসি/দাখিল পরিক্ষায় অত্র উপজেলায় ০৫টি কেন্দ্রের মাধ্যমে আরম্ভ হবে বলে মাধ্যমিক শিক্ষা অফিসার সভাকে অবহিত করেন এবং স্ব স্ব অবস্থান থেকে সকলের সহযোগিতা কামনা করেন। তিনি মাধ্যমিক পর্যায়ের প্রতিষ্ঠান সমুহে ( বিষেশ কয়েকটি অবহেলিত প্রতিষ্ঠান) বেঞ্চ সরবরাহ করার জন্য উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার মহেদয়ের দৃষ্ঠি আকর্ষণ করেন। | চলমান কার্যক্রমকে আরও ত্বরান্বিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, কক্সবাজার। |
| **মহিলা বিষয়ক অধিদপ্তর ঃ- উপ- পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, কক্সবাজার সভায় জানান যে,** ১। ইউনিয়ন ভিডব্লিউবি ২০২৩-২০২৪ ভালনারেবল ওইমেন ভেনেফিট ( ভিডব্লিউবি) কার্যক্রমের আওতায় কক্সবাজার সদর উপজেলায় ১০টি ইউনিয়নের সর্বমোট ১৩৯১ জন হতদরিদ্র দুস্ত মহিলাদেরকে ডিসেম্বর ২০২৩ মাস পর্যন্ত চাউল বিতরণ করা হয়েছে। প্রতিমাসে ৩০ কেজি হারে চাউল বিতরণ কার্যক্রম চলমান আছে।<br>০২। ক্ষুদ্র ঋণঃ- কক্সবাজার সদর উপজেলা পৌরসভাসহ ৩০১ জন দুস্থ মহিলাদেরকে ৩১,৩৫০০০/- টাকা ক্রম পুঞ্জিত ঋণ বিতরণ করা হয়েছে।<br>০৩। মাও শিশু সহায়তা তহবিল ঃ- কক্সবাজার সদর উপজেলায় ১০টি ইউনিয়নের ২০২২-২০২৩ অর্থ বছরের বরাদ্ধ অনুযায়ী জুলাই/২০২২ হতে ডিসেম্বর/২০২৩ পর্যন্ত ১০টি ইউনিয়নের মোট ১২০৩৬ জন ভাতাভোগীদের GTP পদ্ধতিতে ভাতা চলমান আছে। | চলমান কার্যক্রমকে আরও ত্বরান্বিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, কক্সবাজার। |
| **উপজেলা তথ্য কেন্দ্রঃ**<br>কার্যপত্র পাওয়া না যাওয়ার কারণে আলোচনা সম্ভব হয় নাই। | পরবর্তী সভার পূর্বে আবশ্যিকভাবে কার্যপত্র প্রেরণ করবেন | তথ্য সেবা কর্মকর্তা (তথ্য আপা) কক্সবাজার সদর,কক্সবাজার |
| **উপজেলা প্রকৌশল অধিদপ্তরঃ**<br>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে,<br>আলোচনা:-১ উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার ও সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানের পরামর্শ মোতাবেক **শারদীয় দুর্গাপুজা উপলক্ষে জনসাধারন চলাচলের সুবির্ধার্থে জরুরী ভিত্তিতে রাস্তা** মেরামত করা হয়েছিল। উক্ত প্রকল্প সমূহ নিম্নোক্তভাবে অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হলো।<br>**শারদীয় দুর্গাপুজা উপলক্ষে কক্সবাজার সদর উপজেলায় জরুরী রাস্তা মেরামতের তালিকা** | সভায় বিশদভাবে আলোচনার পর উপরোক্ত প্রকল্প সমূহ সর্বসম্মতি ক্রমে অনুমোদিত হয়। সর্বমোট ৮টি প্রকল্প প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়নের | |

| ক্রঃনং | ইউনিয়নের নাম | রাস্তার নাম | প্রাক্কলতি টাকার পরিমান | বাস্তবায়নের ধরন |
|---|---|---|---|---|

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ০১ | চৌফলদন্ডী | ১। পশ্চিম হিন্দু পাড়া দুলালের বাড়ি হতে বনিক পাড়া মন্দির পুজামন্ডপ পর্যন্ত রাস্তা সংস্কার। | ২০০০০০.০০ | | জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত ব্যয় উপজেলা পরিষদ উন্নয়ন সহায়ক তহবিল হতে নির্বাহ করা হবে। এ বিষয়ে উপজেলা প্রকৌশলী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | |
| ০২। | ভারুয়াখালী | ২। ভারুয়াখালী আশ্রয়ন প্রকল্প সড়কের রেল লাইন ক্রসিং হতে আশ্রয়ন প্রকল্প হরি মন্দির পুজামন্ডপ পর্যন্ত রাস্তা সংস্কার। | ১০০০০০.০০ | | | |
| ০৩। | পিএমখালী | ৩। জুমছড়ি এডভোকেট ইসহাকের বাড়ী সংলগ্ন মোড় হতে জুমছড়ি সর্মাপাড়া পুজা মন্ডপ পর্যন্ত রাস্তা সংস্কার। | ১০০০০০.০০ | | | |
| ০৪। | খুরুস্কুল | ৪। দক্ষিণ হিন্দুপাড়া প্রবেশ মুখে (শ্মশানের সামনে) হতে শ্রী শ্রী হরি মন্দির ও নিত্যনন্দ শিব পুজা মন্ডপ পর্যন্ত রাস্তা সংস্কার। | ১৫০০০০.০০ | | | |
| | " | ৫। সরকারপাড়া বিন্দু সরকারের বাড়ি হতে শ্রী শ্রী হরি মন্দির পুজা মন্ডপ পর্যন্ত রাস্তা সংস্কার।(২) পালপাড়া বাজার হতে পূর্ব পালপাড়া শ্রী শ্রী দূগা মন্দির পুজা মন্ডপ পর্যন্ত রাস্তা সংস্কার (৬) খুরুস্কুল প্রধান সড়ক হতে আনন্দময়ী কালি বাড়ি পুজা মন্ডপ পর্যন্ত রাস্তা সংস্কার(৫) টাইম বাজার সংলগ্ন কেন্দ্রীয় দূগা মন্দিও প্রবেশ মুখের ড্রেইনের স্লাব নির্মাণ,নালা পরিস্কার ও রাস্তা সংস্কার | ২০০০০০.০০ | | | |
| | " | ৬। পূর্ব হিন্দুপাড়া কালী বাড়ি হতে শীল পাড়া দূর্গা মন্দির পুজা মন্ডপ পর্যন্ত রাস্তা সংস্কার। | ১৫০০০০.০০ | | | |
| ৫। | ঝিলংজা | ৭। খরুলিয়া হিন্দুপাড়া প্রবেশমুখ সংলগ্ন পূর্ব খরুলিয়া লিপিশর্মার বাড়ি পুজা মন্ডপে যাতায়াতের রাস্তায় ব্রিক সলিং, আরসিসি পাইপ ও মাটি দ্বারা রাস্তা সংস্কার। | ১০০০০০.০০ | | | |
| | " | ৮। ঝিলংজা ইউনিয়নের ১নং ওয়ার্ডের ঘৃত পল্লী মন্দির সড়কে (আশিশের দোকানের পাশ হতে) ব্রিক সলিং ও মাটি দ্বারা রাস্তা সংস্কার। | ২০০০০০.০০ | | | |
| | | সর্বমোট | ১৩০০০০০.০০ | | | |
| আলোচনা-২ উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ডিজিটাল সংযোগস্থাপন প্রকল্পের অধীন জয় সেট সেন্টার স্থাপন এর ভিত্তিপ্রস্তর স্থাপন, উপজেলা পরিষদের ১টি পাম্প মেশিনের কয়েল লাগানো, ১টি পাম্প মেশিনের পানির পাইপ লাইন, গেট বাল্ব ও বৈদ্যুৎতিক লাইটিং ক্রয় করিয়া জনাব মোঃ ফরিদ উদ্দিন শেখ, ইলেকট্রিশিয়ান কর্তৃক ৩৭০০০/-(সাইত্রিশ হাজার) টাকার বিল ভাউচার দাখিল করিয়াছেন। উক্তা টাকার বিল ভাউচার অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। | | | | | সভায় বিশদভাবে আলোচনার পর ৩৭০০০/- (সাইত্রিশ হাজার)টাকা সর্বসম্মতি ক্রমে অনুমোদিত হয়। বিল ভাউচারের মাধ্যমে সময় করার সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল (পানির পাম্প রক্ষণাবেক্ষণ/মেরামত) হতে ব্যয় করা হবে। এ বিষয়ে উপজেলা প্রকৌশলী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | |

আলোচনা-৩ঃ উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বৎসরে বার্ষিক উন্নয়ন সহায়ক তহবিল (এডিপি) এর আওতায় সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের নিকট হতে প্রাপ্ত প্রকল্প সমূহ অনুমোদনের নিমিত্তে নিম্নোক্ত ভাবে উপস্থাপন করা হলো। অনুমোদিত হলে প্রকল্প সমূহ বাস্তবায়ন করা যেতে পারে।

২০২৩-২০২৪ ইং এর এডিপি খাতের প্রকল্পের তালিকা

| ইউনিয়ন | প্রকল্পের নাম | খাত | প্রাক্কলিত টাকার পরিমান | বাস্তবায়নের ধরন |
|---|---|---|---|---|
| ঝিলংজা | ১। ঝিলংজা ইউনিয়নের ১নং ওয়ার্ডের বড়ছড়া এলাকার ইদ্রিছের বাড়ি হতে মাবুব মিস্ত্রির বাড়ি পর্যন্ত ড্রেন নির্মাণ। | কৃষি ও ক্ষুদ্র সেচ খাত | ৫৪২৩০২.০০ | টেন্ডার |
| | ২। ঝিলংজা ইউনিয়নের ৯নং ওয়ার্ডের খামার পাড়া মহিউদ্দিন সোহেলের বাড়ি পার্শ্বে গাইডওয়াল নির্মাণ। | বস্তুগত খাত | ৩৬১৫৩৪.০০ | টেন্ডার |
| | ৩। ঝিলংজা ইউনিয়নের (৮) ৮নং ওয়ার্ডের নয়াপাড়া মাদ্রাসা (২) ৪নং ওয়ার্ডের দারুছালাম মাদ্রাসা(৩) ৭নং ওয়ার্ডের যায়েদ বিন ছাবিত মাদ্রাসা (৪) ৬নং ওয়ার্ডের আয়েশা ছিদ্দিকা মাদ্রাসা (৫) ৬নং ওয়ার্ডের ছুরতিয়া সিনিয়র মাদ্রাসা (৬) ২নং ওয়ার্ডের ছৈয়দ আকবর মাদ্রাসা (৭) ৯নং ওয়ার্ডের সিকদারপাড়া নুরানী একাডেমীতে আসবাবপত্র সরবরাহ। | আর্থ সামাজিক অবকাঠামো | ৯০৩৮৩৭.০০ | টেন্ডার |
| পিএমখালী | ৪। ছনখোলা নয়াপাড়া আবুল বশরের বাড়ি হতে ফেরদাউসের দোকান পর্যন্ত ড্রেইন নির্মাণ। | কৃষি ও ক্ষুদ্র সেচ খাত | ৩১৩৫৬০.০০ | টেন্ডার |
| | ৫। ছনখোলা দক্ষিন মাদলিয়া পাড়া নবিউল্লাহ ড্রাইভারের বাড়ি হতে মৌলানা হাবিবুল্লাহ বাহারের বাড়ি পর্যন্ত ব্রিক সলিং দ্বারা উন্নয়ন। | বস্তুগত খাত | ২০০০০০.০০ | প্রঃকমিটি |
| | ৬। পূর্ব জুমছড়ি রহিমের বাড়ি হতে রুবের বাড়ি অভিমূখী ড্রেইন নির্মাণ। | বস্তুগত খাত | ২০০০০০.০০ | প্রঃকমিটি |
| | ৭। ফজল করিমের বাড়ি হতে মাস্টার জাকিরের বাড়ি পর্যন্ত ব্রিক সলিং দ্বারা উন্নয়ন। | বস্তুগত খাত | ৭০৩৪০.০০ | টেন্ডার |
| | ৮। ১) ছনখোলা মডেল হাউস্কুল (২) দারুচ্ছুন্নাহ ইসলামিয়া তালিমুল কোরআন মাদ্রাসা,ছনখোলা মালিপাড়া (৩) ধাউনখালী খলিলিয়া ছিদ্দিকীয়া মাদ্রাসা(৪) মাছুয়াখালী বালিকা মাদ্রাস (৫) পাতলী দাখিল মাদ্রাসা (৬) তোতকখালী ইউনুছিয়া মাদ্রাসা (৭) তোতকখালী "ছ" ভায়েরপাড়া দাখিল মাদ্রাসায় আসবাবপত্র সরবরাহ। | আর্থ সামাজিক অবকাঠামো | ৭৮৩৯০০.০০ | টেন্ডার |
| খুরুস্কুল | ৯। পূর্ব হিন্দুপাড়া ধনু মাস্টারের বাড়ি হতে রুহুল্লার ড্রেইল অভিমূখী শুক্কুরের বাড়ি পর্যন্ত ড্রেইন নির্মাণ। | কৃষি ও ক্ষুদ্র সেচ খাত | ২০০০০০.০০ | টেন্ডার |
| | ১০। পূর্ব হিন্দুপাড়া সুনীলের বাড়ি হতে রঞ্জিতের বাড়ি অভিমূখী ড্রেইন নির্মাণ। | কৃষি ও ক্ষুদ্র সেচ খাত | ১১৭৪৮২.০০ | টেন্ডার |

সভায় বিশদভাবে আলোচনার পর যাচাই করে বর্ণিত ২৩টি প্রকল্প অনুমোদন করা হলো। অনুমোদিত প্রকল্পের মধ্যে ১০টি প্রকল্প প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে এবং ১৩টি প্রকল্প টেন্ডারের মাধ্যমে বাস্তবায়ন করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। এই ব্যাপারে উপজেলা প্রকৌশলী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন।

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সদর, কক্সবাজার
২। উপজেলা নির্বাহী অফিসার, সদর, কক্সবাজার
৩। উপজেলা প্রকৌশলী, সদর, কক্সবাজার।

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | ১১। দক্ষিন হিন্দুপাড়া সৈয়দ মাস্টারের পুকুরের গাইডওয়াল নির্মাণ। | বস্তুগত খাত | ১০০০০০.০০ | প্রঃকমিটি | | |
| | ১২। দক্ষিন হিন্দুপাড়া কাজলের বাড়ি হতে সাম্পানঘাট অভিমূখী নুরুল আমিন মাস্টারের বাড়ি পর্যন্ত ব্রিক সলিং দ্বারা উন্নয়ন। | বস্তুগত খাত | ২০০০০০.০০ | প্রঃকমিটি | | |
| | ১৩। দক্ষিন হিন্দুপাড়া সাম্পানঘাট অভিমূখী নুরুল আমিন মাস্টারের বাড়ি হতে নুরুল আলমের বাড়ি পর্যন্ত ব্রিক সলিং দ্বারা উন্নয়ন। | বস্তুগত খাত | ১৭৬২২২.০০ | প্রঃকমিটি | | |
| | ১৪। (১) মাওলানা শফি উল্লাহ (রঃ) নুরানী মাদ্রাসা(২) আলী বিন আবু তালিব মাদ্রাসা (৩) রুহুল্লার ড্রেইল নূরানী মাদ্রাসা ও হেফজখানা (৪) দঃখুরুস্কুল আদর্শ উচ্চ বিদ্যালয়(৫) সি-কক্স ইন্সটিটিউট ও (৬) মাওলানা জয়নাল উদ্দিন নূরানী মাদ্রাসায় আসবাবপত্র সরবরাহ। | আর্থ সামজিক অবকাঠামো | ৫৯৩৭০৭.০০ | টেন্ডার | | |
| | ১৫। কুলিয়াপাড়া বাইতুশ শরফ নূরানী মাদ্রাসার মাঠ সিসি দ্বারা উন্নয়ন। | আর্থ সামজিক অবকাঠামো | ২০০০০০.০০ | প্রঃকমিটি | | |
| চৌফলদন্ডী | ১৬। চৌফলদন্ডী ইউনিয়নে খামার পাড়া আহাম্মদ হোছনের বাড়ি হতে প্রাথমিক বিদ্যালয় সীমানা পর্যন্ত ড্রেইন নির্মাণ | কৃষি ও ক্ষুদ্র সেচ খাত | ২২৮৪৭৩.০০ | টেন্ডার | | |
| | ১৭। চৌফলদন্ডী ইউনিয়নের মাতবর পাড়া ডিসি রোড হতে মোজাহেরর বাড়ি পর্যন্ত রাস্তা ব্রিক সলিং দ্বারা উন্নয়ন। | বস্তুগত খাত | ২০০০০০.০০ | প্রঃকমিটি | | |
| | ১৮। চৌফলদন্ডী ইউনিয়নের সিকদারপাড়া তাহেরের বাড়ি হতে কবিরের বাড়ি পর্যন্ত রাস্তা ব্রিক সলিং দ্বারা উন্নয়ন। | বস্তুগত খাত | ১৪২৭১০.০০ | প্রঃকমিটি | | |
| | ১৯। ১। তালিমুল কোরআন এতিমখানা ও হেফজ খানায় (২) কালু ফকিরপাড়া মহিলা মাদ্রাসা ৩। হোছাইনিয়া দাখিল মাদ্রাসায় আসবাবপত্র সরবরাহ | আর্থ সামজিক অবকাঠামো | ৫৭১১৮৩.০০ | টেন্ডার | | |
| ভারুয়াখালী | ২০। ২নং ওয়াডেরর সওদাগরপাড়া বড় পুকুর পাড় সংলগ্ন সড়কে কালভার্ট নির্মাণ | কৃষি ও ক্ষুদ্র সেচ খাত | ২১৫৭৫০.০০ | টেন্ডার | | |
| | ২১। ৭নং ওয়ার্ডের রুবির বাড়ি হতে পেটান আলীর বাড়ি পর্যন্ত রাস্তা ব্রিক সলিং দ্বারা উন্নয়ন। | বস্তুগত খাত | ২০০০০০.০০ | প্রঃকমিটি | | |
| | ২২। ৮নং ওয়ার্ডের ননামিয়া পাড়া গুরা মিয়ার দোকান হতে আবুল কালামের বাড়ি পর্যন্ত রাস্তা ব্রিক সলিং দ্বারা উন্নয়ন। | বস্তুগত খাত | ১২৩৬২৫.০০ | প্রঃকমিটি | | |
| | ২৩। (১) ভারুয়াখালী স্কুল এন্ড কলেজ (২) ভারুয়াখালী দারুল উলুম আলিম মাদ্রাসা (৩) রিয়াজুল কোরআন মডেল দাখিল মাদ্রাসা (৪) মোঃ কালু রওশন রশিদ করিম দাখিল মাদ্রাসায় আসবাবপত্র সরবরাহ | আর্থ সামজিক অবকাঠামো | ৫৩৯৩৭৫.০০ | টেন্ডার | | |
| | | সর্বমোট | ৭১৮৪০০০.০০ | | | |

উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প:

অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প ষষ্ঠ রাউন্ড (২০২১-২২) অর্থ বছরের প্রস্তাবনা অনুমোদন প্রসংগে।

আলোচনাঃ৪ উপজেলা প্রকৌশলী বলেন, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় কক্সবাজার জেলার সদর উপজেলায় ৬ষ্ঠ পর্যায়ে ২০২১-২২ অর্থ বছরের অবকাঠামো উপ-প্রকল্প বাস্তবায়নের জন্য ৪০ লক্ষ টাকার দুইটি প্রকল্প নেওয়া হয়েছে। যা নিম্নরুপ: (০১) "বিদ্যালয়ে স্কুল বাস সরবরাহকরণ" (প্রকল্প নং **INF6-2021-22/202224/01**) এবং (০২) "দুইটি গ্রামীন এ্যাম্বুলেন্স সরবরাহ" (প্রকল্প নং **INF6-2021-22/202224/02**)

| উপজেলা ও জেলা | প্যাকেজ নং | উপ-প্রকল্পের নাম | ঠিকাদার পরিশোধযোগ্য মোট বিলের পরিমাণ (টাকা) | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | ভ্যাট ও আয়কর ব্যতীত বিল | ভ্যাটের পরিমাণ (টাকা) | আয়করের পরিমাণ (টাকা) | ভ্যাট ও আয়করসহ মোট বিল (টাকা) |
| কক্সবাজার সদর, কক্সবাজার | INF6-2021-22/202224/01 | বিদ্যালয়ে স্কুল বাস সরবরাহকরণ | ২৩,০০,০০০.০০ | ১৯২৭৩৭.০০ | ৭৭০৯৫.০০ | ২৫৬৯৮৩২.০০ |
| কক্সবাজার সদর, কক্সবাজার | INF6-2021-22/202224/02 | দুইটি গ্রামীন এ্যাম্বুলেন্স সরবরাহ | ১৭,০০,০০০.০০ | ১৪২৪৫৮.০০ | ৫৬৯৮৩.০০ | ১৮৯৯৪৪১.০০ |
| সর্বমোট | | | ৪০০০০০০.০০ | ৩৩৫১৯৫.০০ | ১৩৪০৭৮.০০ | ৪৪৬৯২৭৩.০০ |

উক্ত প্রকল্প দুইটি প্রকল্প অফিস কর্তৃক ২৪/০৯/২০২৩ তারিখে (স্মারক নং - ৪৬.৬০০.০০২.০০.০০.০৩৫(৬).২০২৩-৭০৯) অনুমোদনের পর একাধিকবার টেন্ডার করে শুধুমাত্র "বিদ্যালয়ে স্কুল বাস সরবরাহ" প্রকল্পের ঠিকাদার সিডিউল ড্রপ করলেও বা পাওয়া গেলেও "দুইটি গ্রামীন এ্যাম্বুলেন্স সরবরাহ" প্রকল্পের জন্য কেউ সিডিউল ড্রপ করেনি বা ঠিকাদার পাওয়া যায়নি। বিধায় "দুইটি গ্রামীন এ্যাম্বুলেন্স সরবরাহ" প্রকল্প বাতিল করে ১৫/০৯/২০২৩ তারিখে আরো প্রকল্প যাচাই বাছাই করে স্থানীয় চাহিদার প্রেক্ষিতে পিএসসি কমিটির সিদ্ধান্ত মোতাবেক বিভিন্ন বিদ্যালয়ে হাই বেঞ্চ ও লো বেঞ্চ সরবরাহ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

| উপজেলা ও জেলা | প্যাকেজ নং | উপ-প্রকল্পের নাম | ঠিকাদার পরিশোধযোগ্য মোট বিলের পরিমাণ (টাকা) | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | ভ্যাট ও আয়কর ব্যতীত বিল | ভ্যাটের পরিমাণ (টাকা) ১৫% | আয়করের পরিমাণ (টাকা) ৩% | ভ্যাট ও আয়করসহ মোট বিল (টাকা) |
| কক্সবাজার সদর, কক্সবাজার | INF6-2021-22/202224/02 | **বিভিন্ন বিদ্যালয়ে হাই বেঞ্চ ও লো বেঞ্চ সরবরাহ** | ১৬,৯৩,৭১০.০০ | ৩০৯৮২৫.০০ | ৬১,৯৬৫.০০ | ২০,৬৫৫,০০ |
| সর্বমোট | | | ১৬,৯৩,৭১০.০০ | ৩০৯৮২৫.০০ | ৬১,৯৬৫.০০ | ২০,৬৫৫,০০.০০ |

সভায় আলোচনান্তে উপরোক্ত প্রকল্পটি অনুমোদনের জন্য প্রকল্প অফিস বরাবর প্রেরনের সিদ্ধান্ত গৃহীত হয় এবং এবিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের জন্য উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী কক্সবাজার সদরকে অনুরোধ জানানো হয়।

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সদর, কক্সবাজার
২। উপজেলা নির্বাহী অফিসার, সদর, কক্সবাজার
৩। উপজেলা প্রকৌশলী, সদর, কক্সবাজার।

আলোচনা-৫ উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০- ৩ এর ''ব'' মোতাবেক ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা প্রকাশনা ব্যয় বিধি অনুসারে খরচ করার নিয়ম থাকায় অত্র কক্সবাজার সদর উপজেলায় উপজেলা উন্নয়ন সহায়ক তহবিল ও এডিপি খাতের দরপত্র আহবান করায় পত্রিকার বিজ্ঞপ্তি প্রকাশের প্রায় ৫,০০,০০০/-(পাঁচ লক্ষ) টাকা বকেয়া রয়েছে। উক্ত বকেয়া টাকা হতে ২০২৩-২০২৪ অর্থ বছরে ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের বিল ভাউচার অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।

সভায় বিশদভাবে আলোচনার পর ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের বিল ভাউচারের মাধ্যমে পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় করা হবে। এ বিষয়ে উপজেলা প্রকৌশলী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সদর, কক্সবাজার
২। উপজেলা নির্বাহী অফিসার, সদর, কক্সবাজার
৩। উপজেলা প্রকৌশলী, সদর, কক্সবাজার।

সভাপতি সকল বিভাগের প্রধান/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের কার্যক্রম/ পদক্ষেপের বিষয়ে প্রস্তাব উপস্থাপনের জন্য ধন্যবাদ জানান। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

16/01/24

(কায়সারুল হক জুয়েল)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
সদর, কক্সবাজার

স্মারক নং-০৫.২০.২২২৪.০০০.০০.০০.২৪ — ৫১

তারিখ ঃ ১৬/০১/২০২৪ খ্রি.

অনুলিপি ঃ- সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

০১। মন্ত্রিপরিষদ সচিব,মন্ত্রিপরিষদ বিভাগ,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০২। মাননীয় সংসদ সদস্য-২৯৬, কক্সবাজার-৩ (সদর-রামু) ঈদগাঁও)
০৩। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৫। জেলা প্রশাসক, কক্সবাজার।
০৬। পুলিশ সুপার, কক্সবাজার।
০৭। সিভিল সার্জন, কক্সবাজার।
০৮। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, কক্সবাজার।
০৯। উপ পরিচালক স্থানীয় সরকার, কক্সবাজার।
১০। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) কক্সবাজার।
১১। ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ, সদর, কক্সবাজার।
১২। উপজেলা.......................................অফিসার (সকল) কক্সবাজার।
১৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, কক্সবাজার মডেল থানা।
১৪। চেয়ারম্যান ................................(সকল) ইউপি।
১৫। সহকারী প্রোগ্রামার, উপজেলা পরিষদ, সদর, কক্সবাজার।
১৬। অফিস কপি

১৬/০১/২৪

(সম্রাট খীসা)
উপজেলা নির্বাহী অফিসার
সদর, কক্সবাজার।